

৩২। কর চালানপত্র।— প্রত্যেক নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান বা পণ্য বা সেবা রপ্তানি বা করযোগ্য আমদানিকৃত পণ্য বিক্রয়কালে বিধি দ্বারা ^১[নির্ধারিত পদ্ধতি ও ^২[ফরমে] অথবা বোর্ড কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে অনুমোদিত অন্য কোন ^৩[পদ্ধতিতে ও [ফরমে] একটি সংখ্যানুক্রেমিক চালানপত্র প্রদান করিবেনঃ

তবে শর্ত থাকে যে,

- (ক) করযোগ্য পণ্যের প্রতিটি সরবরাহ বা করযোগ্য আমদানিকৃত পণ্যের প্রতিটি বিক্রয় বা করযোগ্য সেবা প্রদান বা পণ্য বা সেবা রপ্তানির প্রতিটি ক্ষেত্রে একাধিক চালানপত্র প্রদান করা যাইবে না;
- (খ) যে ক্ষেত্রে কোন ব্যক্তি মূল কর চালানপত্র হারাইয়াছে বলিয়া দাবী করেন, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারী উক্ত ব্যক্তিকে স্পষ্টভাবে “অনুলিপি মাত্র” চিহ্ন সম্বলিত একটি অনুলিপি প্রদান করিতে পারিবেন।

^১। অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮(৭) বলে “নির্ধারিত পদ্ধতি ও [ফরমে]” শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

^২। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(১) বলে “ফর্ম” শব্দটির পরিবর্তে যথাক্রমে “ফরম” শব্দ প্রতিস্থাপিত।

^৩। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮৪ বলে “অনুমোদিত অন্য কোন” শব্দগুলির পর “পদ্ধতিতে ও” শব্দগুলি সন্নিবেশিত।